ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৭২৭

আগরতলা, ১২ নভেম্বর,২০২৫

**বিজেনস রিফর্মস অ্যাকশন প্ল্যান-এ সাফল্যের জন্য ত্রিপুরা পুরস্কৃত**

বি.আর.এ.পি.-২০২৪-এর আওতায় বিভিন্ন রাজ্যের সাফল্যের জন্য তাদের সম্মাননা প্রদান করা হয়। বি.আর.এ.পি.-২০২৪ বাস্তবায়ন বিশেষ করে ব্যবসা বাণিজ্য সম্পর্কিত সংস্কারমূলক পদক্ষেপ, বিজনেস এন্ট্রি, লেবার রেগুলেশন এনাবলার-এর ক্ষেত্রে বিশেষ সাফল্যের জন্য ত্রিপুরাকে 'উদ্যোগ সমাগম ২০২৫'-এ সবচেয়ে সফল রাজ্য হিসেবে পুরস্কৃত করা হয়। কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্যমন্ত্রী পীযূষ গোয়েল ত্রিপুরার শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমার হাতে পুরস্কার তুলে দেন।

সারা দেশের মধ্যে বাণিজ্যিক কার্যকলাপের সুবিধার্থে ভারত সরকারের শিল্প ও বাণিজ্য মন্ত্রকের অধীন ডিপার্টমেন্ট ফর প্রমোশন অব ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড (ডি.পি.আই.আই.টি.) বিজেনস রিফর্মস অ্যাকশন প্ল্যান, সরকারি নিয়মনীতির সরলীকরণ, বি-রেডি-এর মতো উদ্যোগ নিয়েছে। তারই অঙ্গ হিসেবে ইজ অব ডুয়িং বিজনেসকে আরও এক ধাপ এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে ডি.পি.আই.আই.টি. 'উদ্যোগ সমাগম' নামে একটি অনুষ্ঠানের আয়োজন করে। গতকাল নয়াদিল্লিস্থিত সুষমা স্বরাজ ভবনে ২০২৫-এর উদ্যোগ সমাগম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্যমন্ত্রী পীযূষ গোয়েল। ডি.পি.আই.আই.টি.-র বরিষ্ঠ আধিকারিকরা সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর প্রতিবেদন পেশ করেন। উত্থাপিত বিষয়গুলির মধ্যে উল্লেখযোগ্য হলো বিজনেস রিফর্মস অ্যাকশন প্ল্যান (বি.আর.এ.পি.), ন্যাশনাল সিঙ্গল উইন্ডো সিস্টেম (এন.এস.ডব্লিউ.এস.), পি.এম. গতিশক্তি, ও.এন.ডি.সি., স্টার্ট আপ, শিল্প পরিকাঠামো উন্নয়ন ইত্যাদি। তাছাড়া বিভিন্ন রাজ্যগুলি বাণিজ্যের প্রসারে যেসব উদ্যোগ নিয়েছে তার উপর ভিডিও প্রতিবেদনও ছিল। শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা আজ এক প্রেস রিলিজে এ সংবাদ জানিয়েছেন।

*****